সিনিয়র সিস্টেম এনালিস্ট এর কার্যালয়
ডাইরী নং ১০৫৮ তারিখ ০৫/১/২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ টেলিভিশন
সদর দপ্তর
রামপুরা, ঢাকা-১২১৯
www.btv.gov.bd

নং-১৫.৫৪.০০০০.০২১.৯৯.১৭২.২১- ২৫

তারিখ : ২০ পৌষ ১৪২৯ বঙ্গাব্দ
০৪ জানুয়ারি ২০২৩ খ্রিস্টাব্দ

বিটিভির সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত সভার কার্যবিবরণী (২য় ত্রৈমাসিক)

| | | |
|---|---|---|
| তারিখ | : | ০৪ অক্টোবর ২০২২ খ্রি: |
| সময় | : | বেলা ১২.০০ ঘটিকা |
| স্থান | : | পরিচালক (প্রশাসন) মহোদয়ের অফিস কক্ষ |
| সভাপতি | : | পরিচালক (প্রশাসন) |

সভাপতির অনুমতিক্রমে সদস্য-সচিব বিগত ২২.১১.২০২২ তারিখে বিটিভির সিটিজেনস্ চার্টার পরিবীক্ষণ কমিটির সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করেন। তিনি অবহিত করেন যে বিটিভি প্রধান কার্যালয়সহ কেন্দ্র/উপকেন্দ্রসমূহে সিটিজেনস্ চার্টারের বর্ণিত সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী প্রদত্ত সেবার বাস্তবায়ন প্রতিবেদন নির্ধারিত ছকে প্রেরণ করেছেন।সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে ২০২২-২৩ অর্থবছরের কর্মপরিকল্পনার কার্যক্রম ১.১ অনুযায়ী ২য় ত্রৈমাসিকে বিটিভির সেবাপ্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন করা হয়েছে। এরপর বিটিভির সিটিজেনস্ চার্টারের বর্ণিত সেবাসমূহের প্রতিশ্রুতি অনুযায়ী বাস্তবায়ন করা হয়েছে কি না তা প্রেরিত অগ্রগতি প্রতিবেদন ও প্রমাণকের আলোকে পরিবীক্ষণ করা হয়।পরিবীক্ষণ কমিটির সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপ-

সিদ্ধান্ত-১ : শাখাসমুহ ও কেন্দ্র/ উপকেন্দ্রসমূহ নির্ধারিত ছকে সেবা বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রমাণকসহ পরিচালক (প্রশাসন) বরাবর প্রেরণ করেছে। সিদ্ধান্ত বাস্তবায়িত।

সিদ্ধান্ত-২ : সকল কেন্দ্র/উপকেন্দ্রে দৃশ্যমান স্থানে হালনাগাদকৃত স্ব-স্ব সিটিজেনস্ চার্টার প্রদর্শন করেছে। সিদ্ধান্ত বাস্তবায়িত।

সিদ্ধান্ত-৩ : প্রধান কার্যালয় ও কেন্দ্রসমূহ ২য় ত্রৈমাসিকে স্ব-স্ব সিটিজেনস্ চার্টার হালনাগাদপূর্বক ওয়েবসাইটে প্রকাশের জন্য সিনিয়র সিস্টেম এনালিস্ট বরবর প্রেরণ করছে এবং তা আপলোড করা হচ্ছে। সিদ্ধান্ত বাস্তবায়িত।

সিদ্ধান্ত-৪ : কর্মপরিকল্পনা অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে। সিদ্ধান্ত বাস্তবায়িত।

তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক দৈবচয়ন পদ্ধতিতে ১০টি সেবা নির্বাচন করে মূল্যায়নপূর্বক কমিটি কর্তৃক সেবা মূল্যায়ন প্রতিবেদন চুড়ান্ত করা হয়। সেবাসমূহের মুল্যায়ন প্রতিবেদন নিম্নরূপ –

| ক্র. নং | সেবার নাম | সেবা প্রদানের সময়সীমা | মূল্যায়ন/বাস্তবায়ন অগ্রগতি (জুলাই-সেপ্টেম্বর ২০২২) |
|---|---|---|---|
| ১. | বেসরকারি উদ্যোগে নির্মিত অনুষ্ঠান প্রচার। | ৯০ কার্যদিবস | বেসরকারি উদ্যোগে নির্মিত মোট ০৫টি প্যাকেজ অনুষ্ঠান অনুমোদন প্রাপ্তির ৯০কার্যদিবসের মধ্যেই বিটিভিতে প্রচার করা হয়েছে। |
| ২. | বিটিভিতে প্রচারের জন্য বাংলা চলচ্চিত্র গ্রহণ ও প্রচার। | ৯০ কার্যদিবস | চলচ্চিত্র প্রিভিউ কমিটি কর্তৃক অনুমোদনপ্রাপ্ত মোট ১২টি বাংলা চলচ্চিত্র ৯০ কার্যদিবসের মধ্যেই বিটিভিতে প্রচার করা হয়েছে। |
| ৩. | বিজ্ঞাপন এজেন্সি তালিকাভুক্তি নবায়ন | ০৭ কার্যদিবস | প্রাপ্ত ২৪টি আবেদন ০৭ কার্যদিবসের মধ্যেই নিষ্পন্ন করা হয়েছে। |
| ৪. | বিজ্ঞাপন প্রচারের জন্য চুক্তিপত্র সম্পদন। | ০৩ কার্যদিবস | বিজ্ঞাপন দাতাদের সাথে বিটিভিতে প্রচারের জন্য ৭৪ টি এবং বিটিভি ওয়ার্ল্ডে প্রচারের জন্য ০৪টি বিজ্ঞাপন চুক্তিপত্র সম্পাদিত হয়, যা সম্পাদিত চুক্তিপত্র অনুযায়ী প্রচার করা হয়। |
| ৫. | ডিসট্রিবিউটর/ এমএসও/ কেবল্ অপারেটর/ফিড অপারেটর লাইসেন্স নবায়ন | ১৫ কার্যদিবস | প্রাপ্ত আবেদন ৬০০ টি। নির্ধারিত ১৫ কার্যদিবসের মধ্যেই ৬০০টি লাইসেন্স নবায়ন করা হয়েছে। |

| ক্র. নং | সেবার নাম | সেবা প্রদানের সময়সীমা | মূল্যায়ন/বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|
| ৬. | বাণিজ্যিক উদ্দেশ্যে টেলিভিশন ক্রয়-বিক্রয়কারী প্রতিষ্ঠানের লাইসেন্স প্রদান। | ১৫ কার্যদিবস | প্রাপ্ত আবেদন ১০ টি। নির্ধারিত ১৫ কার্যদিবসের মধ্যেই ১০ টি লাইসেন্স ইস্যু করা হয়েছে। |
| ৭. | টেলিভিশন মেরামতকারী অথবা টেলিভিশনের খুচরা যন্ত্রাংশ বিক্রেতা প্রতিষ্ঠানের লাইসেন্স নবায়ন। | ১৫ কার্যদিবস | প্রাপ্ত আবেদন ০২টি। নির্ধারিত ১৫ কার্যদিবসের মধ্যেই ০২টি লাইসেন্স নবায়ন করা হয়েছে। |
| ৮. | হোটেল/মোটেল/ রেঁস্তোরা/লঞ্চ/ স্টীমার/বাণিজ্যিক যানবাহনে ব্যবহৃত টিভি সেটের লাইসেন্স প্রদান। | ২৫ কার্যদিবস | প্রাপ্ত ২৩টি হোটেল থেকে ৪৩৫টি আবেদন প্রাপ্তির পরিপ্রেক্ষিতে নির্ধারিত ২৫ কার্যদিবসের মধ্যে ২৩টি হোটেলের ৪৩৫ টি লাইসেন্স নবায়ন করা হয়েছে। |
| ৯. | কর্মকর্তা/ কর্মচারীদের জিপিএফ অগ্রিম প্রদান। | ১০ কার্যদিবস | প্রাপ্ত ৬২ জন কর্মকর্তা/কর্মচারীর আবেদনের পরিপ্রেক্ষিতে ৬২ জনকে নির্ধারিত ১০ কার্যদিবসের পূর্বেই জিপিএফ হতে অগ্রিম ঋণ প্রদান করা হয়েছে। |
| ১০. | পিআরএল মঞ্জুরি। | ১০ কার্যদিবস | প্রাপ্ত ১২ জন কর্মকর্তা/কর্মচারীর আবেদন প্রাপ্তির পরিপ্রেক্ষিতে ১০ (দশ) কার্যদিবসের মধ্যেই প্রযোজ্য ক্ষেত্রে পি.আর.এল মঞ্জুরিপত্র জারি করা হয়েছে অথবা মন্ত্রণালয়ে অগ্রায়ণ করা হয়েছে। |

০২। পরিবীক্ষণ কমিটি প্রমাণক ও প্রেরিত বাস্তয়ায়ন অগ্রগতি প্রতিবেদন পর্যালোচনা করে ২য় প্রান্তিকে বিভিন্ন শাখার সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন সন্তোষজনক মর্মে মতামত ব্যক্ত করেন।

০৩। আর কোন আলোচ্য বিষয় না থাকায় ধন্যবাদ জ্ঞাপনপূর্বক সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

04/07/2026

(আফছানা বিলকিস)
পরিচালক (প্রশাসন)
ও
সভাপতি
সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি

বিতরণঃ-কমিটির সদস্যবৃন্দ।

অনুলিপি:

০১। প্রধান প্রকৌশলী, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা।
০২। উপমহাপরিচালক (অনুষ্ঠান)/ (বার্তা),বাংলাদেশ টেলিভিশন, ঢাকা।
০৩। পরিচালক..................(সকল), বাংলাদেশ টেলিভিশন, ঢাকা।
০৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, বিটিভি, ঢাকা।(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
০৫। জেনারেল ম্যানেজার, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা কেন্দ্র/ চট্টগ্রাম কেন্দ্র।
০৬। কন্ট্রোলার/ লাইসেন্স ম্যানেজার,বাংলাদেশ টেলিভিশন, ঢাকা।
০৭। উপকেন্দ্র প্রধান ............(সকল), বাংলাদেশ টেলিভিশন।
০৮। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বিটিভি, ঢাকা।

(আফিফা আফরোজ)
সহকারী পরিচালক (প্রশাসন)
ফোন:৫৫১৩১৯১৮

সিনিয়র সিস্টেম এনালিস্ট এর কার্যালয়
সিস্টেম এনালিস্ট | প্রয়োজনীয় ব্যবস্থা নিন
প্রোগ্রামার-১ | উপস্থাপন করুন
প্রোগ্রামার-২ | কথা বলুন
পিএ | তাগিদ দিন
সিনিয়র সিস্টেম এনালিস্ট